



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.১৮-২৪৬

তারিখঃ ০৪/০৯/২০১৮ খ্রি:

বিষয় : বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলায় ইরেসপো কর্মসূচির সমিতিসমূহের ডিটেইল লিস্ট প্রস্তুত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শনকারী কর্মকর্তা আপনার উপজেলায় কর্মসূচির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত প্রতিবেদন হতে দেখা যায় আপনার উপজেলায় অনিয়মতান্ত্রিকভাবে সমিতি গঠনসহ ঋণ বিতরণ করা হয়েছে এবং হস্তমজুদের তথ্য রয়েছে। তাই আপনার উপজেলায় অনিয়মতান্ত্রিকভাবে সমিতি গঠনসহ ঋণ বিতরণ এবং হস্তমজুদের বিষয়ে সুনির্দিষ্ট তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার উপজেলায় কর্মসূচির সমিতি সমূহে সরেজমিনে পরিদর্শন করে সঞ্চয় ও ঋণ এর ডিটেইল লিস্ট সহ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৫/০৯/১৮ খ্রিঃ এর মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোনঃ ০২-৮১৮০১৪৩

জনাব নুশরাত নওশীন সুবর্ণা
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
উপজেলাঃ মেহেন্দীগঞ্জ
জেলাঃ বরিশাল

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মেহেন্দীগঞ্জ জেলাঃ বরিশাল।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।